97

দৈনিক ইত্তেফাক

তারিখ 10 MAR 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে গোলাগুলী অব্যাহত ॥ ক্লাস ও পরীক্ষা বন্ধ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (সোমবার) পর্যন্ত টানা তিন দিন ধরিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ (শা-পা) ও ছাত্র শিবিরের মধ্যে গোলাগুলী অব্যাহত থাকায় বিশ্ববিদ্যালয়ের বাস চলাচল বন্ধ হইয়া গিয়াছে। ক্যাম্পাস,

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

*(প্রথম পৃঃ পর)*

সংলগ্ন শেখ পাড়া বাজারের ব্যবসায় প্রতিষ্ঠানসমূহ এখন বন্ধ। আতংকে গতকাল সাধারণ ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে আসে নাই। কোনও ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। ক্যাম্পাস এবং পার্শ্ববর্তী এলাকা এখন পুরাপুরি বিবদমান দল দুইটির সশস্ত্র কর্মীদের দখলে। উভয় দলের সশস্ত্র ক্যাডাররা মারমুখী হইয়া উঠিলে সিনিয়র শিক্ষক ও প্রক্টরিয়াল কমিটির সদস্যগণ মাঝা-মাঝি দাঁড়াইয়া উভয় দলকে নিবৃত করার চেষ্টা করেন।

এ রিপোর্ট লেখা পর্যন্ত (রাত সাড়ে ৮টা) অত্র এলাকায় উভয় দলের সশস্ত্র মহড়া এবং থামিয়া থামিয়া ফাঁকা গুলীবর্ষণ করা হইতেছিল।

**সমঝোতা প্রচেষ্টা শুরু**

এদিকে পরিস্থিতি উন্নয়নে ছাত্র উপদেষ্টা ডঃ আ, ন, ম রেজাউল করীমকে আহ্বায়ক করিয়া গঠিত ছয় সদস্যের 'সমঝোতা কমিটি' গতকাল দুপুরে শিবিরের শীর্ষ নেতাদের সহিত আলোচনা করিয়াছে। আজ (মঙ্গলবার) ছাত্রলীগের সহিত এবং পরবর্তীতে অন্যান্য সংগঠনের সহিত আলোচনা শেষে উক্ত কমিটি সকলকে এক টেবিলে আনিয়া সমঝোতা প্রতিষ্ঠার প্রচেষ্টা লইবে।